



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৭ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

### বিপুল চাকমাসহ চার খুনে জড়িত সন্ত্রাসীদের গ্রেফতারের দাবিতে পানছড়ি উপজেলায় দিনব্যাপী হরতাল স্বতঃস্ফূর্তভাবে পালিত

**আগামীকাল (সোমবার) খাগড়াছড়ি জেলায় সকাল-সন্ধ্যা সড়ক অবরোধ সফল করার আহ্বান**

বিপুল চাকমাসহ চার ইউপিডিএফ নেতার খুনের সাথে জড়িত সেনা মদদপুষ্ট ঠ্যাঙাড়ে নব্য মুখোশ সন্ত্রাসীদের গ্রেফতার-শাস্তি ও ঠ্যাঙাড়ে বাহিনী (নব্যমুখোশ) ভেঙ্গে দেয়ার দাবিতে আজ ১৭ ডিসেম্বর ২০২৩, রবিবার খাগড়াছড়ির পানছড়ি উপজেলায় দিনব্যাপী (সকাল-সন্ধ্যা) হরতাল স্বতঃস্ফূর্তভাবে পালিত হয়েছে। ইউপিডিএফ ও তার সহযোগী সংগঠনগুলোর ডাকে এই হরতাল কর্মসূচি পালন করা হয়।

হরতাল বানচাল করতে গতকাল ও আজ সকাল থেকে সেনা-মুখোশরা নানা তৎপরতা চালায়। তা সত্ত্বেও সকাল থেকে ইউপিডিএফ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মী-সমর্থকরা পানছড়ির বিভিন্ন সড়কে গাছের গুড়ি ফেলে ও টায়ার জ্বালিয়ে হরতাল কর্মসূচি সফল করেন। এ সময় তারা ঠ্যাঙাড়ে নব্যমুখোশ সন্ত্রাসীদের গ্রেফতার-শাস্তির দাবিতে বিভিন্ন শ্লোগান দেন।

হরতালের কারণে উপজেলায় যানবাহন চলাচল ও দোকানপাট বন্ধ ছিল। জনপ্রতিনিধিসহ উপজেলায় বিভিন্ন সরকারি-বেসরকারি অফিস-আদালতে কর্মরত লোকজন অফিসে যাওয়া থেকে বিরত ছিলেন। একই সাথে মাসব্যাপী পানছড়ি বাজার বয়কট কর্মসূচির কারণে আজ সাপ্তাহিক হাটবারেও পানছড়ি বাজারে লোক সমাগম হয়নি।

ইউপিডিএফ পানছড়ি উপজেলা ইউনিটের সংগঠক অপু ত্রিপুরা দিনব্যাপী হরতাল সফল করায় এলাকার বাস, সিএনজি, টমটমসহ সকল যানবাহন মালিক, চালক, শ্রমিকসহ এলাকার সর্বস্তরের জনসাধারণের প্রতি আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

তিনি চার খুনের ঘটনা খুবই ঘৃণ্য ও নিন্দনীয় উল্লেখ করে সন্ত্রাসীদের গ্রেফতার-শাস্তি ও বিচারের দাবিতে পানছড়ি বাজার বয়কটসহ চলমান সকল কর্মসূচি সফল করতে এগিয়ে আসার জন্যও সকলের প্রতি আহ্বান জানান।


অপরদিকে, ইউপিডিএফের মুখপাত্র ও খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা পৃথক এক বিবৃতিতে আগামীকাল ১৮ ডিসেম্বর ২০২৩, সোমবার উক্ত দাবিতে পূর্বঘোষিত খাগড়াছড়ি জেলায় সকাল-সন্ধ্যা শান্তিপূর্ণ সড়ক অবরোধ কর্মসূচি সফল করার জন্য জেলাবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

বিবৃতিতে তিনি অবরোধ চলাকালে রোগী বহনকারী এ্যাম্বুলেন্স, জরুরী বিদ্যুত ও ঔষধ সরবরাহের কাজে ব্যবহৃত গাড়ি, সংবাদপত্র ও সাংবাদিক বহনকারী গাড়ি অবরোধের আওতামুক্ত থাকবে বলে জানান।

উল্লেখ্য, গত ১১ ডিসেম্বর রাতে সেনাবাহিনীর সৃষ্ট ঠ্যাঙাড়ে নব্যমুখোশ সন্ত্রাসীরা পানছড়ির লোগাঙ এলাকার অনিল পাড়ায় একটি বাড়িতে সশস্ত্র হামলা করে পিসিপি'র সাবেক সভাপতি ও গণতান্ত্রিক যুব ফোরামের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বিপুল চাকমা, পিসিপি'র কেন্দ্রীয় সহসভাপতি সুনীল ত্রিপুরা, ইউপিডিএফ সংগঠক রুহিন বিকাশ ত্রিপুরা (রহিনসা) ও গণতান্ত্রিক যুব ফোরামের খাগড়াছড়ি জেলা সহসভাপতি লিটন চাকমাকে গুলি করে নৃশংসভাবে হত্যা করে।

এই হত্যাকাণ্ডের প্রতিবাদে এবং জড়িত সন্ত্রাসীদের গ্রেফতার ও খুনি ঠ্যাঙাড়ে বাহিনী ভেঙ্গে দেয়ার দাবিতে গত ১২ ডিসেম্বর ইউপিডিএফ ও সহযোগী সংগঠনগুলো এসব কর্মসূচি ঘোষণা করে। ইতোমধ্যে এই হত্যাকাণ্ডের বিরুদ্ধে পার্বত্য চট্টগ্রামসহ দেশে-বিদেশে নিন্দা, প্রতিবাদ, বিক্ষোভ চলছে।

বার্তা প্রেরক



**নিরন চাকমা**

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)